দৈনিক ইনকিলাব

তারিখ 30 AUG
পৃষ্ঠা ৩ কলাম ৩

# শিক্ষামন্ত্রীর সাথে ১০ দফা দাবী নিয়ে বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার সমিতির আলোচনা

প্রেস বিজ্ঞপ্তি ঃ বিসিএস সাধারণ শিক্ষা ক্যাডার (মাধ্যমিক) সমিতির কর্মকর্তাবৃন্দ গত ২৫ আগস্ট শিক্ষামন্ত্রীর সাথে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে এক আলোচনা সভায় মিলিত হন। সমিতির পক্ষে আলোচনায় নেতৃত্ব দেন সমিতির আহবায়ক জনাব মোঃ সেকান্দার আলী খলিফা। তিনি মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে শিক্ষার ও কর্মকর্তাদের বিভিন্ন সমস্যার বিষয়ে আলোকপাত করে বক্তব্য রাখেন। সমিতির সচিব জনাব মোঃ মাজহারুল ইসলাম খান জেলা শিক্ষা অফিসারদের বেতন স্কেল এবং পদোন্নতিসহ বিভিন্ন দাবী-দাওয়ার বিষয়ে আলোকপাত করেন। সমিতির ১০ দফা দাবীর বিভিন্ন বিষয় উত্থাপন করে আলোচনায় আরও অংশগ্রহণ করেন মিসেস রাবেয়া খাতুন, মোঃ মোফাজ্জর হোসেন, মোঃ আব্দুল আজিজ, কাজী মানোয়ার হোসেন,গোলাম রাব্বানী। শিক্ষামন্ত্রী কর্মকর্তাদের পদোন্নতিসহ যাবতীয় যুক্তিসঙ্গত সমস্যা সমাধানে প্রয়োজনীয় নির্দেশনা দেবেন বলে আশ্বাস দেন।